গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৩৮.০০২.১৫- ৫৬৫ তারিখ : ২৫/০৮/২০২০খ্রি.

**বিষয় : ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক প্রার্থীদের Online-এ দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বাসককস পত্র নং-৮০.১০৪.০৩৯.০০.০৪.০২.২০২০-৪৪, তারিখ: ১২.০৮.২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, তাঁর প্রতিষ্ঠানে কর্মরত বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের মধ্যে যারা ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি অনুসরণপূর্বক Online-এ আবেদনপত্র দাখিলের পর দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপিতে আবেদনকারী ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ অত্র অধিদপ্তরের ১৩০ নম্বর কক্ষে আগামী ২০/০৯/২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন কোন আবেদন বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হবে না। এ বিষয়ে সকলকে সহযোগিত করার জন্য অনুরোধ করা হলো।

২৫/৮/২০২০
মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭
সহকারী পরিচালক(কলেজ-২)
ফোনঃ ৯৫৬০২৬৩

প্রাপক:

অধ্যক্ষ/চেয়ারম্যান/পরিচালক/প্রকল্প পরিচালক/প্রতিষ্ঠান প্রধান
(বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ কর্মরত আছেন এমন প্রতিষ্ঠান প্রধান)

অনুলিপি:

০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০৪.০৩৯.০০.০৪.০২.২০২০- ৪৪ | তারিখঃ ১২.০৮.২০২০

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার এবং শ্রম অধিদপ্তরের [শ্রম শাখা] কলকারখানা ও প্রতিষ্ঠান সমূহের পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের ২০২০ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর, ২০২০ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। **আগামী ১৯ আগষ্ট ২০২০ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ১৬ সেপ্টেম্বর, ২০২০ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ০৫ অক্টোবর ২০২০ তারিখ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [হার্ড কপি] কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।**

**বিশেষ দ্রষ্টব্যঃ যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে । অন্যথায় আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।**

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত আবেদনপত্র [হার্ড কপি] প্রেরণ করা হলে বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে. যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র [হার্ড কপি] বাতিল বলে গণ্য হবে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল করে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ
প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd ওপেন করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবে: Application for departmental examination ⇨ cadre/Non Cadre ⇨ Session December/2020 ⇨ Cadre/Non Cadre Name ⇨ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সূক্ষ্মভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য **পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ** ৩০০x৩০০ পিক্সেলস (**pixels**), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০x ৮০ পিক্সেলস (**pixels**) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।

৪. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে e-mail:dept_support@bpsc.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১২/৮/২০২০
[মুহাম্মদ নজরুল ইসলাম]
পরিচালক [উপসচিব]